

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৪, ২০১৫

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

প্রজাপন

তারিখ : ০৪ মে ২০১৫/২১ বৈশাখ ১৪২২

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০১৮.০৮-৩১।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২০ এপ্রিল ২০১৫, তারিখের স্মারক নং ২১৩ বিচার-৩/১ এম-১/২০১১ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ এপ্রিল ২০১৫ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৪০.১৯. ০০৭.১৫-২০৯ এর পরিপ্রেক্ষিতে নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত সিটি কর্পোরেশনসমূহের মেয়ার, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি আপিল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে এতদ্বারা উক্ত তফসিলের ৪নং কলামে বর্ণিত অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এর সমষ্টিয়ে ৩নং কলামভুক্ত সিটি কর্পোরেশনের জন্য “নির্বাচনি আপিল ট্রাইবুনাল” গঠন করল। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত চেয়ারম্যান হিসেবে এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) সদস্য হিসেবে “নির্বাচনি আপিল ট্রাইবুনাল” এর দায়িত্ব পালন করবেন।

(৩০৪৫)

মূল্য : টাকা ৪.০০

**তফসিল**

ক্রমিক নং	জেলা	সিটি কর্পোরেশন	নির্বাচনি আপিল ট্রাইবুনাল
১	২	৩	৪
১.	ঢাকা	ঢাকা উত্তর	অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, ঢাকা অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২.		ঢাকা দক্ষিণ	অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, ঢাকা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩.	চট্টগ্রাম	চট্টগ্রাম	অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, চট্টগ্রাম অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

লায়লা শারমিন  
সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

---

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)